দৈনিক
ইত্তেফাক

তারিখ 25 MAR 2016
পৃষ্ঠা ... কলাম ...

# বিএসএমএমইউয়ে ছাত্র-শিক্ষক কেন্দ্র উদ্বোধন

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) উদ্বোধন করা হয়েছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ডা. কামরুল হাসান খান-এর উদ্বোধন করেন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. মো: রুহুল আমিন মিয়া, উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মো: শহীদুল্লাহ সিকদার, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মো: আলী আসগর মোড়ল, প্রক্টর অধ্যাপক ডা. মো: হাবিবুর রহমান দুলাল, ডা. এএসএম জাকির হোসেন সুমন, ডা. মামুন মোর্শেদ, ডা. বশির আহমেদ জয় প্রমুখ। অনুষ্ঠানে মেডিসিন অনুষদের ডিন অধ্যাপক ডা. এবিএম আব্দুল্লাহ, হেমাটোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মাসুদা বেগম প্রমুখ উপস্থিত ছিলেন।

এদিকে মহান স্বাধীনতা দিবস-উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে গতকাল টিএসসি প্রাঙ্গণে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পীদের সংবর্ধনা দেয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ভিসি অধ্যাপক ডা. কামরুল হাসান খান। সংবর্ধিতরা হলেন— রেজাউল করিম চৌধুরী, কামাল লোহানী, আশরাফুল আলম, বুলবুল মহলানবীশ, আ. ম. সারফুজ্জামান, মো: মনোয়ার হোসেন খান, রথীন্দ্র নাথ রায়, ফকির আলমগীর, মাজহারুল ইসলাম, মাওলানা শেখ মোঃ উবায়দুল্লাহ, মঞ্জুলা দাস গুপ্তা, মঞ্জুশ্রী নিয়োগী, ডালিয়া নওশিন, শহীদ হাসান, আবু নওশের, এমএ মান্নান, তিমির নন্দী, আজহারুল ইসলাম, শীলা ভদ্র, আশফাকুর রহমান খান প্রমুখ। মোট ২৪ জন মহান শিল্পীকে এ সংবর্ধনা দেয়া হয়।-প্রেস বিজ্ঞপ্তি